গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
আইন শাখা-০১
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪২.৬৭.০৩১.১১.৫৮৫ তারিখ ঃ ০২ -০৯-১৪ খ্রিঃ

## পরিপত্র

বিষয় ঃ বিদ্যমান আইনানুযায়ী চূড়ান্তভাবে প্রকাশিত রেকর্ড সংশোধন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে বিভিন্ন জেলায় জরিপের চূড়ান্ত রেকর্ড তথা খতিয়ান (ROR) প্রকাশিত হবার পর ব্যাপক হারে ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালে মামলা হচ্ছে বলে মন্ত্রণালয় অবহিত হয়েছে, যার সংখ্যা উদ্বেগজনক। তৎপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে চূড়ান্তভাবে প্রকাশিত রেকর্ড সংশোধনের বিষয়ে তিন প্রকারের কর্তৃপক্ষ তিন ধরনের ব্যবস্থা গ্রহণে আইনত ক্ষমতাবান।

প্রথমতঃ সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা (Revenue Officer) বা সহকারী কমিশনার (ভূমি) The State Acquisition & Tenancy Act, 1950 এর ১৪৩ ধারামতে এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর বিধি-২৩(৩) অনুযায়ী চূড়ান্তভাবে প্রকাশিত রেকর্ডের করণিক ভুল (Clerical Mistakes) নিজেই সংশোধন করতে পারেন। যেমন ঃ নামের ভুল, অংশ বসানোর হিসেবে ভুল, দাগসূচিতে ভুল, ম্যাপের সাথে রেকর্ডের ভুল ইত্যাদি। একইভাবে Fraudulent Entry বা জালিয়াতির মাধ্যমে সৃষ্ট চূড়ান্তভাবে প্রকাশিত রেকর্ড সংশোধনের জন্য প্রাপ্ত আবেদন অথবা প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর বিধি-২৩(৪) অনুযায়ী রাজস্ব কর্মকর্তা রেকর্ড সংশোধনের জন্য বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবেন।

দ্বিতীয়তঃ The State Acquisition & Tenancy Act, 1950 এর 149(4) ধারামতে Board of Land Administration যে কোন সময় Bonafide Mistake সংশোধন করতে পারেন। যেমন ঃ জরিপকালে পিতার মৃত্যুর কারণে সন্তানদের নামে সম্পত্তি রেকর্ড হবার কথা থাকলেও জরিপকারকদের ভুল বা অজ্ঞাত কারণে তা মূল প্রজা বা পিতার নামে রেকর্ড হওয়া ইত্যাদি। Board of Land Administration বর্তমানে বিলুপ্ত বিধায় তার ক্ষমতা সরকারের পাশাপাশি যুগপৎ ভূমি আপিল বোর্ডও সমভাবে প্রয়োগে ক্ষমতাবান। এই তিন কর্তৃপক্ষের আওতা বহির্ভূত বিষয়েই ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালে আবেদন করতে হবে।

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ করা যাচ্ছে।

বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। চেয়ারম্যান, ভূমি আপিল বোর্ড/ ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ......................................... (সকল)।
৩। জেলা প্রশাসক, ..................................... (সকল)।
৪। উপসচিব, আইন-২ অধিশাখা, ভূমি মন্ত্রণালয় (প্রকাশিতব্য ম্যানুয়ালে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়।
৬। উপজেলা নির্বাহী অফিসার ....................... (সকল)।
৭। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। সহকারী কমিশনার (ভূমি) ......................... (সকল)।

২/৯/১৪
(আলিয়া মেহের)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪০১২৫